

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৪০

२৫/ ििकि९मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২. রোগী কিছুর আগ্রহ প্রকাশ করলে

بَابِ الْمَرِيضِ يَشْتَهِي الشَّيْءَ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِي الْخَلاَّلُ، حَدَّثَنَا صَفْوَانُ بْنُ هُبَيْرَةَ، حَدَّثَنَا أَبُو مَكِينٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - عَادَ رَجُلاً فَقَالَ لَهُ " مَا تَشْتَهِي " . فَقَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " مَنْ كَانَ عِنْدَهُ خُبْزُ بُرِّ فَقَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " مَنْ كَانَ عِنْدَهُ خُبْزُ بُرِّ فَقَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " إِذَا اشْتَهَى مَرِيضُ أَحَدِكُمْ شَيْئًا فَلْيُطْعِمْهُ " . ثُمَّ قَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " إِذَا اشْتَهَى مَرِيضُ أَحَدِكُمْ شَيْئًا فَلْيُطْعِمْهُ " .

বাংলা

১/৩৪৪০। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক অসুস্থ ব্যক্তিকে দেখতে গেলেন এবং তাকে জিজ্ঞেস করলেনঃ তোমার কি কিছুর প্রতি লোভ জাগে? সে বললো, আমি গমের রুটি খেতে চাই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যার গমের রুটি আছে সে যেন তার ভাইকে তা পাঠিয়ে দেয়। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমাদের কোন রোগী কিছু খেতে চাইলে সে যেন তাকে তা খাওয়ায়।

English

It was narrated from Ibn 'Abbas that the Prophet (ﷺ) visited a man (who was sick) and said to him:

"What do you desire?" He said: "I want wheat bread." The Prophet (ﷺ) said: "Whoever has wheat bread, let him send it to his brother." Then the Prophet (ﷺ) said: "When a sick person among you desires something, give it to him."

ফুটনোট



হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী সফওয়ান বিন হুবায়রাহ সম্পর্কে আবু হাতিম আর-রাযী তাকে শায়খ হিসেবে উল্লেখ করেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮৯৩, ১৩/২১৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন